



PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

সূত্রনং-প্রশিকা/এফএসডি/২০২৫-০১ (বিজ্ঞপ্তি)

অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি

জানুয়ারি ২২, ২০২৫

বিষয় : প্রশিকা অনলাইন সফটওয়্যার “প্রশিকা ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সিস্টেম” সম্পর্কিত।

সংশ্লিষ্ট সকলে অবহিত আছেন যে, মাইক্রোক্রেডিট ও সেভিংস সার্ভিসেস মনিটরিং এবং হিসাব সংক্রান্ত একটি সমন্বিত সফটওয়্যার তৈরি করা হয়েছে। সফটওয়্যারটির উন্নয়নের কাজ এখনও চলমান রয়েছে। ইতোমধ্যে প্রায় সকল শাখায় ডাটা এন্ট্রির কাজ যথানিয়মে করা হচ্ছে। ডাটা এন্ট্রির বা সংশোধনের কোন তারিখ নির্ধারিত না থাকায় সফটওয়্যার থেকে বিভিন্ন তারিখে একই রিপোর্ট নেয়া হলে পার্থক্য পরিলক্ষিত হচ্ছে। আপনারা জানেন যে সফটওয়্যার থেকে এমআরএ, পিকেএসএফসহ বিভিন্ন সংস্থাকে নির্দিষ্ট তারিখে প্রতিবেদন দিতে হয়। প্রতিবেদন দেয়ার পর তথ্যের পার্থক্য হলে সংস্থার ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়। আবার এই সুযোগে কিছু অনিয়মের সম্ভাবনাও রয়েছে।

এমতাবস্থায় এ বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা হলো প্রতিমাসের ০৩ (তিন) তারিখ রাত বারটার পর পিছনের ডাটা সংশোধন বা ডিলিট করা যাবে না। যদি সংশোধন বা ডিলিটের প্রয়োজন হয় কারনসহ তথ্য সরবরাহ করে কেন্দ্রীয় অফিসে সিএফও এর বরাবর আবেদন করতে হবে। উক্ত আবেদন অনুমোদন হলে কেন্দ্রীয় অফিসের সফটওয়্যার বিভাগ তা সংশোধন করে দিবে বা সংশোধন করার প্রয়োজনীয় ব্যবস্থা করে দিবে।

তাই সকল শাখাকে প্রতিমাসের ০৩ (তিন) তারিখের মধ্যে মাসিক ডাটা সংশোধনের কাজ সম্পন্ন করতে হবে। তবে এক তারিখ থেকে তিন তারিখ কোন সরকারী ছুটি থাকলে তিন কার্য দিবস পর এন্ট্রির অপসন বন্ধ হবে।

এই সিদ্ধান্ত ০১ ফেব্রুয়ারি ২০২৫ থেকে কার্যকর হবে।

ধন্যবাদ

সিরাজুল ইসলাম

প্রধান নির্বাহী

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

মিরপুর, ঢাকা।